২০২৫
১১
নং ৩

# Newsletter

The project for Capacity Building of Nursing Services Phase 2 (CBNS-II)

# অর্জন ভাগ করে নেওয়া থেকে প্রভাবের সম্প্রসারণ- নার্সিং-এর গুণগত মানের জন্য অগ্রগতির পথ

## একে অপর থেকে শেখা: নার্সিং কলেজ ও হাসপাতালের পারস্পরিক পরিদর্শন

CBNS II প্রকল্পের চলমান উদ্যোগের অংশ হিসেবে, নার্সিং কলেজ ও সহযোগী হাসপাতালগুলি উত্তম চর্চাগুলি আদান-প্রদান করতে, চ্যালেঞ্জগুলি শনাক্ত করতে এবং পেশাগত নেটওয়ার্ককে আরও মজবুত করতে পারস্পরিক পরিদর্শনে অংশ নিচ্ছে।
প্রকল্পের শুরু থেকে, নার্সিং কলেজগুলো এবং তাদের সহযোগী হাসপাতালগুলোকে সমর্থন প্রদান করা হচ্ছে, যার মূল ফোকাস ছিল কমিটিগুলোর কার্যক্রমকে শক্তিশালী করা এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নকে উৎসাহিত করা। প্রতিটি প্রাতিষ্ঠান তাদের নিজস্ব শক্তিকে কাজে লাগিয়ে তাদের উদ্যোগগুলোকে এগিয়ে নিয়ে গেছে এবং বর্তমানে বেশ কয়েকটি ক্ষেত্রে তার সুস্পষ্ট অর্জন দেখা যাচ্ছে।

২০২৫ সালের মে মাস থেকে, চলমান প্রচেষ্টাকে আরও গতিশীল করার লক্ষ্যে একটি নতুন কার্যক্রম- মিউচুয়াল ভিজিট প্রোগ্রাম (পারস্পরিক পরিদর্শন কর্মসূচি) চালু করা হয়েছে।এই প্রোগ্রামে বিভিন্ন বিভাগ জুড়ে অংশগ্রহণকারী কলেজ এবং হাসপাতালের প্রতিনিধিগণ একে অপরের প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য আমন্ত্রিত হন।

অন-সাইট পর্যবেক্ষণ এবং খোলামেলা আলোচনার মাধ্যমে, অংশগ্রহণকারীরা ভালো অনুশীলন এবং সাধারণ চ্যালেঞ্জ উভয়ই চিহ্নিত করেন, এবং এই অন্তর্দৃষ্টিগুলোকে তাদের নিজস্ব প্রতিষ্ঠানে কীভাবে প্রয়োগ করা যেতে পারে তা অন্বেষণ করেন।

অভিজ্ঞতা বিনিময়েরর বাইরেও, মিউচুয়াল ভিজিট (পারস্পরিক পরিদর্শন) কলেজ ও হাসপাতালগুলোর মধ্যে পেশাদার নেটওয়ার্ককে শক্তিশালী করতে এবং টেকসই সহযোগিতা গড়ে তুলতে একটি প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে। এই সংযোগগুলো প্রকল্পটির মেয়াদ শেষ হওয়ার পরেও চালু থাকলে, নার্সিং শিক্ষা এবং প্র্যাকটিস ক্রমাগত উন্নয়নে অবদান রাখবে বলে আশা করা হচ্ছে।



JICA অ্যাডভাইজরি মিশন টিম সিএনসি (CNC) এবং সিএমসিএইচ (CMCH)-এ প্রথম মিউচুয়াল ভিজিটে অংশ নিয়েছিল (৭ মে, ২০২৫)

# নার্সিং কলেজ ও হাসপাতাল মিউচুয়াল ভিজিট

২০২৫ সালের নভেম্বর মাস পর্যন্ত, আমরা সাতটি মিউচুয়াল ভিজিট (পারস্পরিক পরিদর্শন) সম্পন্ন করেছি। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং ডিজিএনএম (DGNM) প্রতিনিধিগণ পর্যবেক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে বেশ কয়েকবার এতে যোগ দিয়েছেন।

এই পারস্পরিক শিক্ষার মাধ্যমে, কিছু প্রতিষ্ঠান যেখানে পরিদর্শন করা হয়েছে (হোস্ট প্রতিষ্ঠান) পর্যবেক্ষণ করার পরপরই ভালো অনুশীলনগুলি প্রবর্তন করতে শুরু করেছে এবং পারস্পরিক উন্নতির একটি ইতিবাচক চক্র ইতোমধ্যেই লক্ষ্য করা যাচ্ছে।

| সম্পাদিত পারস্পরিক পরিদর্শন কার্যক্রম | |
|---|---|
| ১ম ভিজিট | চট্টগ্রাম নার্সিং কলেজ ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল |
| ২য় ভিজিট | কলেজ অফ নার্সিং, শেরে বাংলা নগর ও শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল |
| ৩য় ভিজিট | ময়মনসিংহ নার্সিং কলেজ ও ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল |
| ৪র্থ ভিজিট | রাজশাহী নার্সিং কলেজ ও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল |
| ৫ম ভিজিট | রংপুর নার্সিং কলেজ ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল |
| ৬ষ্ঠ ভিজিট | সিলেট নার্সিং কলেজ ও সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল |
| ৭ম ভিজিট | ঢাকা নার্সিং কলেজ ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল (প্রথম ধাপের লক্ষ্য প্রতিষ্ঠান) |



CONSBN এবং ShSMCH-এ দ্বিতীয় পারস্পরিক পরিদর্শন (আগস্ট ১৮, ২০২৫)



RNC এবং RMC-এ চতুর্থ পারস্পরিক পরিদর্শন (আগস্ট ৩০, ২০২৫)



RpNC এবং RpMCH-এ পঞ্চম পারস্পরিক পরিদর্শন (সেপ্টেম্বর ২৯, ২০২৫)



DNC এবং DMCH-এ সপ্তম পারস্পরিক পরিদর্শন (নভেম্বর ১৩, ২০২৫)

## বিষয়-ভিত্তিক নার্সিং এডুকেশন

১৮ সেপ্টেম্বর CONSBN-এ বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ এবং বিষয়ভিত্তিক নার্সিং শিক্ষার প্রবর্তন পরিকল্পনা নিয়ে আলোচনা করার জন্য একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। পাঁচটি নার্সিং কলেজের প্রিন্সিপাল ও এমটি-সহ মোট সতেরো জন অংশগ্রহণকারী ফ্যাকাল্টি স্পেশালাইজেশনের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন, কারণ বর্তমানে অনেক শিক্ষক তাঁদের বিশেষজ্ঞতার বাইরের বিষয়সমূহ পড়াচ্ছেন। এক জন জাপানি বিশেষজ্ঞ বিষয়ভিত্তিক শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা করেন, এবং বিভিন্ন কলেজ উদাহরণ, কেস স্টাডি ও ফ্যাকাল্টি বিশ্লেষণ উপস্থাপন করে বিষয়ভিত্তিক ক্লাস বণ্টনের খসড়া পরিকল্পনা প্রস্তুত করে। কর্মশালাটি প্রতিটি কলেজকে পরবর্তী করণীয় নির্ধারণে সহায়তা করে এবং শিক্ষকদের কর্মভার বৈষম্যও তুলে ধরে। যৌথ এফডি (ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট) প্রশিক্ষণ হিসেবে এই উদ্যোগটি আরও বিশেষায়িত নার্সিং শিক্ষার দিকে রূপান্তরকে দ্রুততর করবে বলে আশা করা হচ্ছে।





*বিষয়-ভিত্তিক নার্সিং এডুকেশন কর্মশালা- CONSBN (সেপ্টেম্বর ১৮, ২০২৫)*

## নার্সিং কলেজ এক্রিডিটেশন কার্যক্রম

২০২৫ সালের মার্চ থেকে মে মাসের মধ্যে, স্বীকৃতি মূল্যায়ন দলগুলো CONSBN এবং MNC-তে সাইট ভিজিট পরিচালনা করে। এরপর ৪, ৬ এবং ৭ আগস্ট BNMC-তে সিদ্ধান্ত গ্রহণ কমিটির সভা অনুষ্ঠিত হয়, যেখানে এসব মূল্যায়ন ফলাফল যাচাই ও চূড়ান্ত করা হয়। নার্সিং বিভাগের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভাগুলোতে MOHFW, নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান এবং হাসপাতালের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সভাগুলোতে নার্সিং শিক্ষার বাস্তব চ্যালেঞ্জগুলো নিয়ে গঠনমূলক আলোচনা সম্ভব হয়।



*এক্রিডিটেশন সংক্রান্ত, BNMC সিদ্ধান্ত গ্রহণ রিভিও কমিটি (আগস্ট ৪-৭, ২০২৫)*

প্রতিষ্ঠানগুলোর প্রচেষ্টা প্রশংসিত হলেও, কমিটি টুলসগুলোর সংশোধন এবং অনুমোদন প্রক্রিয়াসমূহ আরও স্পষ্ট করার প্রয়োজনীয়তা তুলে ধরে। প্রকল্পটি BNMC-কে টুলস পরিমার্জন এবং রিভিউ টিমের সক্ষমতা বৃদ্ধি করার ক্ষেত্রে সহায়তা করার প্রতিশ্রুতি দেয়।

স্বীকৃতি (accreditation) প্রস্তুতিমূলক কাজ অন্যান্য নার্সিং কলেজেও সম্প্রসারিত হয়েছে, যেখানে প্রকল্পটি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে স্ব-মূল্যায়ন প্রতিবেদন (self-assessment report) চূড়ান্তকরণ এবং প্রমাণাদি সংগঠনে সহায়তা করছে।

এই অগ্রগতিগুলো মান-নিশ্চয়ন ব্যবস্থার প্রতিষ্ঠা ক্রমশ মজবুত হচ্ছে তা প্রতিফলিত করে, এবং প্রকল্পটি টেকসই স্বীকৃতি প্রক্রিয়া ও উন্নত নার্সিং শিক্ষার নিশ্চয়তার লক্ষ্যে জাতীয় কর্তৃপক্ষের সঙ্গে কাজ অব্যাহত রেখেছে।

# মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ মডিউলের সরকারি অনুমোদন প্রক্রিয়াকরণ

মাস্টার ট্রেইনার (MT) প্রশিক্ষণ মডিউলের সরকারি অনুমোদন প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ২০২৫ সালের ১৪ই অক্টোবর ঢাকায় একটি স্টেকহোল্ডার কর্মশালা অনুষ্ঠিত হয়, যা এর প্রাতিষ্ঠানিকীকরণের জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

প্রকল্প শুরু হওয়ার পর থেকে, ২০২৪ সালের ফেব্রুয়ারি এবং নভেম্বরে দুটি MT প্রশিক্ষণ ব্যাচ পরিচালিত হয়েছে, এবং প্রশিক্ষিত MT-রা নির্ধারিত কলেজ ও সহযোগী হাসপাতালগুলিতে নার্সিং পেশাদারিত্বের উন্নতিতে নেতৃত্ব দিচ্ছেন। MT প্রশিক্ষণের ফলাফল এবং প্রতিষ্ঠানগুলিতে চলমান কার্যকলাপ থেকে অর্জিত শিক্ষার ওপর ভিত্তি করে, ২০২৫ সালের জুলাই মাসে অনুষ্ঠিত দ্বিতীয় টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ কর্মশালায় MT মডিউলের খসড়া চূড়ান্ত করা হয়।

এই স্টেকহোল্ডার কর্মশালায় MOHFW, DGNM, BNMC, BNA, অংশীদার সংস্থা এবং নির্ধারিত প্রতিষ্ঠানগুলি থেকে প্রায় ৫০ জন অংশগ্রহণকারী সমবেত হয়েছিলেন, যেখানে আলোচনাগুলি MOHFW-এর অতিরিক্ত সচিবের সভাপতিত্বে পরিচালিত হয়। অংশগ্রহণকারীরা এর দীর্ঘমেয়াদী প্রয়োগ এবং বিষয়বস্তু পরিমার্জন সম্পর্কে গঠনমূলক মতামত প্রদান করেন, যা শক্তিশালী প্রাতিষ্ঠানিক সমর্থন প্রতিফলিত করে। ভবিষ্যতে, প্রকল্প টীম কর্মশালার ইনপুটগুলি সংকলন করবে এবং সেগুলিকে MOHFW-এর কাছে জমা দেবে, বাংলাদেশে একটি টেকসই MT প্রশিক্ষণ কাঠামো প্রতিষ্ঠার জন্য MT প্রশিক্ষণ মডিউলের অনুমোদন প্রক্রিয়াকে অব্যাহতভাবে সহায়তা করবে।






## Contact us

**Telephone number** : 013-2460-0320

**Email address** : jicacbns2project@gmail.com

**Office address :** Room #402, Level 3, College of Nursing, Sher-E-Bangla Nagar (Academic Building), Dhaka-1207

**Project News**

**Facebook page**

https://www.jica.go.jp/oda/project/201903666/en_news/index.html